

## Bartmaan - Chatushiparnee



### পিজাহাট আনল ত্রিশটি নতুন আইটেম

তিনওজার আর ছোটদের জনপ্রিয় ফুড আউটলেট 'পিজা হাট' আনল ত্রিশটি নতুন আইটেম। এর মধ্যে আছে সাত ধরনের পাস্তা, চার ধরনের স্টার্টার, পাঁচ ধরনের জিভে জল অনা ডেজার্ট, বারো রকম রিফ্রেশিং ড্রিংকস আর দু ধরনের একেবারে নতুন পিজা। পাস্তার মধ্যে প্রশান আকর্ষণ ইত্যাদির জনপ্রিয় আইটেম 'তাসকানি পাস্তা', নানা ধরনের মিক্সিংসহ— স্পাইসি টোম্যাটো, ক্রিম স্পিনাচ ফেভুচিনে (চিজ), আয়ারলিতা (চিজ) উইথ স্মোকড চিকেন অ্যান্ড ব্ল্যাক অলিভ, ক্রিম জগানফ ইত্যাদি। দাম ৯৯ টাকা (করছাড়া)। সম্পূর্ণ লাঞ্চের কাজ করবে।

এছাড়া পিজা হাটে ভেজ আর ননভেজ স্টার্টারের মধ্যে আছে বার-বি-কিউড চিকেন উইংস, পোট্যাটো ওয়েজেস ইত্যাদি। রিফ্রেশিং ড্রিংকসের মধ্যে গ্রেপ সাংগ্রিয়া কুলার, ফ্রেশলি ব্লাড আইসড টি এমন নানা আকর্ষণীয় পানীয়। ডেজার্টে চকোলেট সিমফনি, হার্নি ক্রাঞ্চ ক্লাসিক, চকো চিপস সার্ভি— এমন সব নাম শুনলেই খেতে ইচ্ছে করে আইটেম।